

প্রকাশ : ২৪ আগস্ট, ২০১৬ ২২:০৩

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

'রাজধানীতে রাস্তা কাটতে ছয় মাস আগে অনুমতি নিতে হবে'

| অনলাইন ডেস্ক



রাজধানীতে খোঁড়াখুঁড়িতে দুর্ভোগ নিরসনে রাস্তা কাটতে ছয় মাস আগে সিটি করপোরেশনের অনুমতি নিতে হবে বলে জানিয়েছেন ঢাকা উত্তরের মেয়র আনিসুল হক।

বুধবার গুলশানে উত্তর সিটি করপোরেশনের নতুন কার্যালয়ে ২৬টি সংস্থার প্রধানদের নিয়ে আয়োজিত

সমন্বয় সভায় একথা বলেন তিনি।

আনিসুল হক বলেন, রাস্তা খোঁড়ার ক্ষেত্রে সব সংস্থার মধ্যে সমন্বয় না থাকলে জনগণের দুর্ভোগ বাড়বে। আর তা হলে সংস্থাগুলোর সঙ্গে সিটি করপোরেশনের বনিবনা হবে না। আগামী ২-৩ বছরে আমরা ৪৯৭ কিলোমিটার সড়ক মেরামত করব। আর ওয়াসা দেড় হাজার কিলোমিটার সড়ক কেটে তাদের পাইপলাইন বসাবে। এ কাজে যেন নাগরিক দুর্ভোগ না হয় সেজন্য সমন্বয় খুব দরকার।

উন্নয়ন কাজে সমন্বয়হীনতা ঢাকা শহরে সবচেয়ে বড় সমস্যা মন্তব্য করে তিনি বলেন, সমন্বিত উন্নয়ন কাজ না করলে আপনাদের সঙ্গে আমাদের বনিবনা হবে না। সেটা কারো জন্যই ভালো না।

সভায় রাজউক, গণপূর্ত অধিদপ্তর, পুলিশ, বিআরটিএসহ ২৬টি সংস্থার প্রধানরা উপস্থিত ছিলেন।

বিডি প্রতিদিন/ ২৪ আগস্ট ২০১৬/ সালাহ উদ্দীন